গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.৯৯.০৫১.১১(অংশ-১)- ২২০

তারিখ : ১৫ ফাল্গুন ১৪৩০ / ২৮ ফেব্রুয়ারি ২০২৪

প্রাপক ঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় ঃ চলতি ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতে বরাদ্দকৃত অর্থ হতে সাধারণ বরাদ্দ (বিবিজি) এর ১ম কিস্তির থোক বরাদ্দ ছাড়করণ।**

উপর্যুক্ত বিষয়ে চলতি ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে "ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা" শীর্ষক থোক (কোড নং-২২১০০০৭০০) এর অনুকূলে বরাদ্দকৃত ৮০০.০০ কোটি (আটশত কোটি) টাকার মধ্যে সাধারণ বরাদ্দ (বিবিজি ও পিবিজি) খাতের ৬৮০.০০ কোটি (ছয়শত আশি কোটি) টাকা হতে ৮ টি ইউনিয়ন পরিষদের অনুকূলে সাধারণ বরাদ্দ (বিবিজি) এর ০২ (দুই) কিস্তির মধ্যে ১ম কিস্তি বাবদ ৪৭,৮৬,২০০.০০ (সাতচল্লিশ লক্ষ ছিয়াশি হাজার দুইশত) টাকা ছাড়করণে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করা হলো। এ অর্থের অথরিটিপত্র স্থানীয় সরকার বিভাগ এবং সংশ্লিষ্ট উপজেলা হিসাবরক্ষণ অফিস বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ইউনিয়নওয়ারী বরাদ্দের পরিমাণ এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

১। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জিও অনুযায়ী বরাদ্দকৃত অর্থ উত্তোলনের জন্য টিআর ফরম নং-৩২ এ বিল প্রস্তুত করে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরসহ বিল উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তরে দাখিল করবে;

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা জিও অনুযায়ী বরাদ্দকৃত অর্থ উত্তোলনের জন্য আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করবেন;

৩। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তর উক্ত বিলের বিপরীতে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল ব্যবহার সংক্রান্ত ব্যাংক হিসাবে একাউন্ট পেয়ী চেক/এ্যাডভাইস ইস্যু করবে। জেলা হিসাবরক্ষণ অফিস হতে ইউনিয়ন পরিষদ কর্তৃক পরিচালিত ব্যাংক হিসাবে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিলের অর্থ স্থানান্তরিত হবে এবং উপজেলা হিসাবরক্ষণ অফিসের প্রেরিত এ্যাডভাইসের প্রেক্ষিতে সোনালী ব্যাংক লিমিটেড সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের ব্যাংক হিসাবে অর্থ স্থানান্তর করবে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ সচিবের মাধ্যমে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল ব্যবহার সংক্রান্ত শিরোনামের ব্যাংক হিসাবে জমাকৃত অর্থ উত্তোলন ও ব্যয় সংক্রান্ত বিষয়াদি ক্যাশবুক, রেজিষ্ট্রার ও অন্যান্য প্রয়োজনীয় বহিসমূহ যথাযথভাবে লিপিবদ্ধ ও সংরক্ষণ করবেন;

৪। এ ব্যয় ২০২৩-২৪ অর্থবছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, হিসাবের খাত নং-১৩৭০১/১৩৭০১০১/২২১০০০৭০০/৪১১১৩০৪ কোডভুক্ত ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ খাত হতে মিটানো হবে; ছাড়কৃত অর্থ আইবাস সিস্টেমে উপজেলাওয়ারী ডিডিও অথরাইজেশন এর মাধ্যমে এ এন্ট্রি করা হবে;

৫। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা ব্যবহার নির্দেশিকা-২০২১ এবং PPR'2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

৬। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন।

৭। ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে সরকারি কোষাগারে ফেরত প্রদান করতে হবে।

৮। উক্ত অর্থ ছাড়করণে অর্থ বিভাগের গত ০৮/১০/২০২৩ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৪.২০১১-৪৪২ নং স্মারক, গত ১৪/১১/২০২৩ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৪.২০১১-৫২৪ নং স্মারক এবং গত ০৬/০২/২০২৪ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৪.২০১১-৩৪ নং স্মারকে সম্মতি রয়েছে।

২৮/০২/২০২৪

(এ, কে, এম, আনিছুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫১৪১৯০
lgup2@lgd.gov.bd

(অ:পৃ:দ্র:)

Fund Release\Letter-467

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.৯৯.০৫১.১১(অংশ-১)- ৩২৫

তারিখ : ১৫ ফাল্গুন ১৪৩০
২৮ ফেব্রুয়ারি ২০২৪

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: উপসচিব, বাজেট-১১ শাখা)।
২. মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার (সংশ্লিষ্ট বিভাগ)।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জেলা প্রশাসক (সংশ্লিষ্ট জেলা)।
৬. সিনিয়র সহকারী সচিব (বাজেট), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি), জেলা প্রশাসকের কার্যালয় (সংশ্লিষ্ট জেলা)।
৮. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) **(ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক জিও অনুযায়ী বরাদ্দকৃত অর্থ উত্তোলনের জন্য প্রস্তুতকৃত বিলে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরসহ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তরে দাখিলের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।**
১০. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা)।
১১. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা)।
১৩. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক (সংশ্লিষ্ট ইউনিয়ন)।
১৪. অফিস কপি।

28/02/2024

(এ, কে, এম, আনিছুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব

পরিশিষ্ট-'ক'

স্থানীয় সরকার বিভাগের আওতায় ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতে ২০২৩-২৪ অর্থবছরে ইউনিয়ন পরিষদসমূহের মৌলিক থোক বরাদ্দ (বিবিজি) ১ম বরাদ্দ তালিকাঃ

| ক্র.নং | বিভাগ | জেলা | উপজেলা | কোড নং | ইউনিয়ন পরিষদ | সংখ্যা | অডিটরিপোর্ট (২০২১-২২) | টাকার পরিমাণ (২০২৩-২৪) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | রাজশাহী | বগুড়া | বগুড়াসদর | ১১০২০২১ | এরুলিয়া | ১ | Qualified | ৬৫১,৬০০ |
| ২ | রাজশাহী | বগুড়া | গাবতলী | ১১০৪০৪৭ | কাগইল | ১ | Qualified | ৫৬৭,৩০০ |
| ৩ | ঢাকা | গোপালগঞ্জ | গোপালগঞ্জসদর | ৩৩৫৩২৯০ | উলপুর | ১ | Qualified | ৪৮৫,৪০০ |
| ৪ | ঢাকা | গোপালগঞ্জ | মুকসুদপুর | ৩৩৫৫৮৮৩ | রাঘদী | ১ | Qualified | ৫২৩,৮০০ |
| ৫ | ঢাকা | মাদারীপুর | মাদারীপুরসদর | ৩৫৪৫৪৯৪ | শিরখারা | ১ | Qualified | ৪৮১,৩০০ |
| ৬ | বরিশাল | বরিশাল | বাবুগঞ্জ | ৫০৬০৩৮১ | রহমতপুর | ১ | Qualified | ৬৬৯,৪০০ |
| ৭ | রংপুর | দিনাজপুর | দিনাজপুরসদর | ৭২৭৬৪৬৯ | শশরা | ১ | Qualified | ৭১২,৫০০ |
| ৮ | ময়মনসিং | ময়মনসিংহ | ময়মনসিংহ সদর | ৮৬১৫২৭৪ | কুষ্টিয়া | ১ | Qualified | ৬৯৪,৯০০ |
| | | | মোট বরাদ্দ | | | ৮ | - | ৪,৭৮৬,২০০ |

২৮/০২/২০২৪

এ, কে, এম, আনিছুজ্জামান
সিনিয়র সহকারী সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার